



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২৪/১৭৯৭

৬ মার্চ ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বার্ষিক অ্যাথলেটিকস প্রতিযোগিতার
উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বার্ষিক অ্যাথলেটিকস প্রতিযোগিতা ২০২৪-এর উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৬ মার্চ ২০২৪) শরীরচর্চা শিক্ষা বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

শরীরচর্চা শিক্ষা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ রুবেল মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক ও নোবিপ্রবি প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান এবং নোবিপ্রবি জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. গাজী মোঃ মহসিন প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শরীরচর্চা শিক্ষা বিভাগের উপ-পরিচালক সঞ্জীব কুমার দে, মাহমুদুর রহমান ও সহকারী পরিচালক নাজমুন নাহার বিউটি।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম আনুষ্ঠানিকভাবে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় প্রতিযোগীদের মার্চ পাস্ট ও অভিবাদন প্রদান অনুষ্ঠিত হয়। একইসঙ্গে ক্রীড়াবিদদের শপথ গ্রহণ, মশাল প্রজ্জ্বলন, ক্রীড়াভূমি পরিক্রমণ ও মশাল স্থাপন করা হয়। পরে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও ক্রীড়াবিদগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়ার গুরুত্ব অপরিসীম। প্রতিবছর নোবিপ্রবিতে বার্ষিক অ্যাথলেটিকস প্রতিযোগিতার আয়োজন করা হয় যেন নোবিপ্রবি শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী সকলেই এতে স্বতঃস্ফূর্তভাবে অংশ নিতে পারে। এতে পড়াশোনার পাশাপাশি চিন্তা বিনোদনের ক্ষেত্র তৈরি হয়। তরুণ প্রজন্ম খেলাধুলায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করবে এই প্রত্যাশা করি। একইসঙ্গে শিক্ষার্থীদের শৃঙ্খলা ও নৈতিকতার সাথে জীবনযাপন করতে হবে। তবেই একজন আদর্শ নাগরিক হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করা সম্ভব। আয়োজনের সাথে সম্পৃক্ত সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাঃ ০১৭৩৩৯৯৮৮৯৪